

What do I need to know if my child is suspended?

Parent/carer information

আমার কী জানা দরকার যদি আমার সন্তানকে বর্থাস্থ করা হয়? পিতামাতা/পরিচর্যাকারীর জন্য তথ্য

বরখাস্থ কি?

বরখাস্থ হল যখন স্কুল কোনও শিক্ষার্থীকে একটি নির্দিষ্ট সময়ের জন্য স্কুলে যেতে নিষেধ করে। কিন্ডারগার্টেন থেকে ইয়ার ২-এর শিক্ষার্থীদের ৫ স্কুল দিবসের জন্য বরখাস্থ করা হতে পারে এবং ইয়ার ৩ থেকে ইয়ার ১২-এর শিক্ষার্থীদের ১০ স্কুল দিবসের জন্য বরখাস্থ করা হতে পারে।

অধ্যক্ষরা একজন শিক্ষার্থীকে বরখাস্থ করতে পারেন যখন শিক্ষার্থীর উদ্বেগজনক আচরণ অন্যদের জন্য বা শিক্ষাদান ও শেখার ক্ষেত্রে অগ্রহণযোগ্য ঝুঁকি তৈরি করে।

এছাড়াও অধ্যক্ষরা বরখাস্থ করতে পারেন যখন তারা ইতিমধ্যে অন্যান্য উপায়ে শিক্ষার্থীর উদ্বেগজনক আচরণকে নিয়ন্ত্রণ করার চেষ্টা করেছেন এবং স্কুলের জন্য সময়ের প্রয়োজন হয় যাতে করে তারা শিক্ষার্থীকে স্কুলে না রেখে কীভাবে শিক্ষার্থীর আচরণের জন্য সহায়তা পরিকল্পনা এবং সবাইকে নিরাপদ রাখা যায় তারও পরিকল্পনা করতে পারে। বরখাস্থ করার সিদ্ধান্ত নেওয়ার সময় অধ্যক্ষরা অবশ্যই শিক্ষার্থীর আচরণ এবং প্রয়োজনীয়তাগুলো বিবেচনা করে। যদি আচরণটি গুরুতর বা নিরাপত্তার সমস্যা হয় তবে আপনার সন্তানকে তাৎক্ষণিকভাবে বরখাস্থ করা হতে পারে।

আমার সন্তানকে বরখাস্থ করা হলে কি হবে?

উপযুক্ত হলে, অধ্যক্ষ অবশ্যই মৌখিকভাবে শিক্ষার্থীকে বলবেন। যেখানে সম্ভব, তারা অবশ্যই অবিলম্বে পিতামাতা বা পরিচর্যাকারীদের মৌখিকভাবে বা ২৪ ঘন্টার মধ্যে অবহিত করবেন। বরখাস্থের প্রতিক্রিয়া জানাতে আপনাকে ও আপনার সন্তানকে অবশ্যই স্কুলের সাথে দেখা করার সুযোগ দেয়া হবে। স্কুল আপনার সাথে আপনার সন্তানকে সাহায্য করার জন্য যে কৌশল এবং সহায়তা করা যেতে পারে সেগুলো নিয়ে একসাথে কাজ করবে।

অধ্যক্ষ আপনাকে বরখান্থের একটি লিখিত নোটিশও সরবরাহ করবেন, যার মধ্যে আপনার সন্তানকে বরখাস্ত করার কারণগুলো, বরখান্থের বিশদ এবং সময়সীমা অন্তর্ভুক্ত রয়েছে

বরখাস্থ চলাকালীন আপনার সন্তানকে স্কুলে যেতে দেওয়া হবে না। বরখাস্থের সময় স্কুল আপনার সন্তানকে শেখার জন্য সহায়তা প্রদান করবে এবং আপনার এবং আপনার সন্তানের সাথে স্কুলের কাজগুলো চেক করবে। বরখাস্থের সময় কীভাবে আপনার সন্তানের কল্যাণের ব্যাপারে সহায়তা করবেন সে সম্পর্কে তথ্য পাওয়া যায়।

বর্খাস্থের সময় বাড়ানো

যদি সহায়তার পরিকল্পনা করার জন্য পর্যাপ্ত সময় না থাকে বা চলমান নিরাপত্তা ঝুঁকি থাকে যা এখনও সমাধান হয়নি তাহলে অধ্যক্ষ বরখান্থের সময় বাড়াতে পারেন। সময় বাড়ানো হলে বরখাস্থ শেষ হওয়ার আগে পিতামাতা/পবিচর্যাকাবীদেব জানানো হবে।

আমি কি বরখাস্থের বিরুদ্ধে আপিল করতে পারি?

হাাঁ, আপনি যদি বিশ্বাস করেন যে অধ্যক্ষ একটি অনুচিত সিদ্ধান্ত নিয়েছেন অথবা নীতি ও পদ্ধতিগুলো সঠিকভাবে অনুসরণ করেননি তাহলে আপনি আপিল করতে পারেন। <u>আপিল নিয়ে যে সকল নথি</u> <u>রয়েছে সেগুলো</u> দেখুন। <u>আপনার সন্তানের পক্ষে সমর্থন মূলক</u> আরও তথ্য পাওয়া যায়, সেইসাথে আমাদের <u>স্কুল কমিউনিটি চার্টারে</u> স্কুলের সাথে যোগাযোগ করার উপায়গুলো দেয়া আছে।

বরখাস্থ বিষয়ক সমাধানমূলক সভা কি?

বরখাস্থ শেষ হওয়ার দিন বা তার আগে আপনার সন্তান স্কুলে ফিরে আসবে। স্কুলের সাথে আপনার ইতিবাচক সম্পৃক্ততা আপনার সন্তানের আচরণ নিয়ন্ত্রণ করতে এবং সহযোগিতামূলকভাবে সমাধান তৈরি করতে গুরুত্বপূর্ণ। আপনার সন্তান ফিরে আসার আগে স্কুল আপনার সন্তানের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে এমন স্কুল কর্মীদের সাথে একটি সমাধান সভার ব্যবস্থা করার জন্য আপনার সাথে ফোনে যোগাযোগ করবে।

সভাটি ব্যক্তিগতভাবে, ফোনে বা অনলাইনে এমন আকারে হতে পারে যা ইতিবাচক আলোচনার সর্বোত্তম সুযোগ দেবে। আপনার সন্তানের স্কুলে ফিরে আসার জন্য তাদের সমর্থনে আপনি কীভাবে একসাথে কাজ করতে পারেন সে সম্পর্কে সভাটি হবে। আপনি সভায় আপনার সাথে একজন সহায়তাকারী ব্যক্তিকে আনতে পারেন। একজন সহায়তাকারী ব্যক্তি এমন কেউ হতে পারে যিনি আপনাকে এবং/অথবা আপনার সন্তানকে কার্যকর এবং/অথবা মানসিক সহায়তা দিতে পারেন।

যে উদ্বেগজনক আচরণের জন্য আরও কৌশল এবং সহায়তার প্রয়োজন, সেখানে স্কুল আপনার এবং আপনার সন্তানের সাথে তাদের সমর্থন করার জন্য এবং ঝুঁকি কমানোর জন্য একটি পরিকল্পনা তৈরি করতে কাজ করবে। আপনার সন্তানের ইতিমধ্যে এই ধরণের একটি পরিকল্পনা থাকতে পারে। যদি একটি পরিকল্পনা আগে থেকেই থাকে, তাহলে আপনার সন্তানকে সহায়তা করার জন্য এটিকে সামঞ্জস্য করা হবে। এই পরিকল্পনাটি আপনাকে এবং স্কুলের অন্যান্য কর্মীদেরকে দেয়া হবে যারা আপনার সন্তানকে সহায়তা করছে।

একই আচরণ আবার ঘটলে কি হবে?

উদ্বেগজনক আচরণ আবার ঘটলে, অধ্যক্ষ এবং স্কুল শিক্ষা সহায়তা দল আপনার সন্তানের শিক্ষায় সহায়তা করার উপায়গুলো চিহ্নিত করার চেষ্টা করবে যার মধ্যে আরও একটি বরখাস্থ অন্তর্ভুক্ত থাকতে পারে। এর মধ্যে থাকতে পারে সহায়তা প্রদানের জন্য বিভাগের মধ্যে থেকে বিশেষজ্ঞদেরকে ডেকে আনা।

আমি স্কুল থেকে কি তথ্য পেতে পারি?

কী ঘটেছে ও কেন হয়েছে সে সম্পর্কে আপনি স্কুলকে আরও তথ্যের জন্য জিজ্ঞাসা করতে পারেন। কোনও সিদ্ধান্তের পিছনে যুক্তি, কী পদক্ষেপ নেওয়া হবে ও আপনার যদি কোনও সমস্যা হয় তবে কী করতে হবে এই সকল বিষয়ে স্কুল আপনাকে অবশ্যই ব্যাখ্যা প্রদান করবে।

টেলিফোন দোভাষী পরিষেবা

আপনি যদি স্কুলের সাথে যোগাযোগ করতে চান এবং ইংরেজিতে সহায়তার প্রয়োজন হয় তাহলে অনুগ্রহ করে 131 450 নম্বরে টেলিফোন দোভাযী পরিষেবাতে কল করুন, আপনার কোন ভাষা প্রয়োজন তাদের বলুন এবং অপারেটরকে স্কুলে ফোন করতে বলুন। আপনার কথোপকথনে আপনাকে সহায়তা করার জন্য অপারেটর লাইনে একজন দোভাষীর ব্যবস্থা করবেন। এই পরিষেবার জন্য আপনাকে কোন মূল্য দিতে হবে না।

education.nsw.gov.au Bengali